

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০৯২

তারিখ: ১৬ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার/শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/অনলাইন মিডিয়াসহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদ বিজ্ঞপ্তি

মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পুষ্পস্তবক অর্পণ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধের ১০০ (একশত)টি স্থির চিত্রের প্রদর্শন

মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আজ সকালে সাভার জাতীয় স্মৃতিসৌধে স্বাধীনতার জন্য আত্মোৎসর্গকারী শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে শহীদদের স্মরণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ কিছু সময় নীরবতা পালন করেন। এর আগে মহান বিজয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা আবৃত্তি ও দেশাত্মবোধক গানের পরিবেশনা উপভোগ করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য। পরে মহান বিজয় দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাদর্শ সামনে রেখে আমাদের এগিয়ে যেতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুধু বাংলাদেশেই নয় বরং বিশ্ব রাজনৈতিক অঙ্গণে বহুল আলোচিত ব্যক্তিত্ব হিসেবে পরিচিতি লাভ করেছেন। তার সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশের সার্বিক উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে বলেও উল্লেখ করেন। বিজয় দিবসের এই দিনে সকলকে নিজ নিজ মেধা ও যোগ্যতা দিয়ে এ দেশকে গড়ে তুলার জন্য দৃঢ় প্রত্যয়ী হতে হবে বলেও আশা ব্যক্ত করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। এছাড়াও মাননীয় উপাচার্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধের ১০০ (একশত)টি স্থির চিত্রের প্রদর্শনীর উদ্বোধন করেন।

আলোচনা সভায় উপস্থিত থেকে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ট্রেজারার জনাব এস.এম. এহসান কবীর, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস. এম. গাউসুল আজম। এছাড়াও আরো বক্তব্য রাখেন সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন ও সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান। আলোচনা সভার সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ড. মোঃ রফিক আল-মামুন। এসময় সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমাদ, সহকারী রেজিস্ট্রার জনাব ফাহাদ আহমদ মোমতাজীসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে মহান মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

উপাচার্যের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

(ড. মোঃ রফিক আল-মামুন)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২. অফিস নথি।